

# এমপিওভুক্তির দাবিতে থালা হাতে শিক্ষকদের 'ভুখা মিছিল'

■ সমকাল প্রতিবেদক

স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারি সব শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তির দাবিতে থালা হাতে নিয়ে ভুখা মিছিল করেছেন শিক্ষকরা। গতকাল রোববার দুপুরে জাতীয় প্রেস ক্লাবের সামনে থেকে তারা এ মিছিল বের করেন। মিছিল নিয়ে পল্টন মোড় ঘুরে আবারও প্রেস ক্লাবের সামনে এসে অবস্থান কর্মসূচি পালন করেন তারা। এ নিয়ে টানা ১৫ দিন প্রেস ক্লাবের সামনে অবস্থান কর্মসূচি পালন করেছেন নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকরা।

মিছিলে 'ভাত দে, নইলে বিষ দে', 'দাবি মোদের একটাই, শিক্ষাপ্রতিষ্ঠান এমপিও চাই', 'এক দেশে দুই নীতি, মানি না মানবো না' সহ বিভিন্ন শ্লোগান দেন শিক্ষকরা। নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠান ঐক্য পরিষদের ব্যানারে গত ২৩ ফেব্রুয়ারি থেকে এ কর্মসূচি পালন করেছেন তারা।

আন্দোলনকারী শিক্ষকরা জানান, দুই সপ্তাহ ধরে ন্যায্য দাবি নিয়ে প্রেস ক্লাবের সামনে অবস্থান করেছেন তারা। কিন্তু সরকার কোনো ইতিবাচক সাড়া দিচ্ছে না। রমজানে রোজা রেখে কর্মসূচি চালিয়ে যাওয়ায় অনেক শিক্ষক অসুস্থ হয়ে পড়েছেন। দ্রুত তাদের দাবি মেনে নেওয়ার আহ্বান জানান শিক্ষকরা।

জয়পুরহাট থেকে আসা শিক্ষক আজিজুর রহমান বলেন, ১৬ বছর ধরে আমরা স্কুলে শিক্ষা কার্যক্রম পরিচালনা করে আসছি। এই দীর্ঘ সময়েও আমাদের প্রতিষ্ঠান এমপিওভুক্ত না হওয়ায় পরিবার নিয়ে মানবেতর জীবনযাপন করছি আমরা। আর্থিক সংকটে পরিবারের সদস্যদের মুখে তিনবেলা ভাত তুলেও দিতে পারছি না।

বরিশাল থেকে আসা শফিকুর ইসলাম বলেন, এক যুগের বেশি সময় একটা প্রতিষ্ঠানে শিক্ষকতা করেছি। এখন নিজের পরিবার নিয়ে চলার মতো অবস্থায় নেই। ফলে আমাদের সবার পরিবারের দিকে চেয়ে হলেও প্রতিষ্ঠানের এমপিওভুক্তি চাই।

নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠান ঐক্য পরিষদের মহাসচিব ও নওগাঁ শফিউদ্দিন মোল্লা কলেজের অধ্যক্ষ মনিমুল হক বলেন, নতন শিক্ষা উপদেষ্টার

কাছে আমাদের একটাই দাবি, সব প্রতিষ্ঠান  
এমপিওভুক্ত করা। অধিকার আদায় না হওয়া পর্যন্ত  
আমরা আন্দোলন চালিয়ে যাব।